# আইএসও সার্টিফিকেশন পেতে কর্মীদের প্রশিক্ষণের উদ্যোগ উত্তরা ইউনিভার্সিটির

ঢাকা পোস্ট ডেস্ক

২২ অক্টোবর ২০২৫,




উত্তরা ইউনিভার্সিটি তাদের প্রাতিষ্ঠানিক মান উন্নয়নের পথে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। এই লক্ষ্যে, বিশ্ববিদ্যালয়টি আগামী ৩০ অক্টোবর থেকে ISO 9001:2015 সার্টিফিকেশন অর্জনের জন্য কর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে যাচ্ছে।

গত ২১ অক্টোবর অংশগ্রহণের জন্য নির্বাচিত কর্মীদের নিয়ে প্রারম্ভিক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

এই প্রশিক্ষণ কর্মসূচি টানা সাত সপ্তাহ চলবে। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রশাসনিক কর্মকর্তা এবং ব্যবস্থাপনা প্রতিনিধিরা অংশ নেবেন। প্রশিক্ষণে গুণগত ব্যবস্থাপনা ব্যবস্থা, ধারাবাহিক উন্নয়ন, এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির ওপর জোর দেওয়া হবে।

বিজ্ঞাপন

আজ অনুষ্ঠিত প্রাথমিক ওরিয়েন্টেশন সভায় অংশগ্রহণকারীদের প্রশিক্ষণের উদ্দেশ্য, কাঠামো এবং প্রত্যাশিত ফলাফল সম্পর্কে অবহিত করা হয়। সভায় তুলে ধরা হয়, কীভাবে এই আন্তর্জাতিক স্বীকৃত সার্টিফিকেশন বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম, সেবাদান প্রক্রিয়া এবং অ্যাকাডেমিক প্রশাসনকে আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করবে।

উত্তরা ইউনিভার্সিটির শিক্ষার গুণগত মান, কার্যক্রমের স্বচ্ছতা এবং উদ্ভাবনের প্রতি যে নিরবিচ্ছিন্ন অঙ্গীকার, তারই প্রতিফলন দেখা যাবে ISO 9001:2015 পরিকাঠামোতে অন্তর্ভুক্তির মাধ্যমে।

বিজ্ঞাপন

এ প্রসঙ্গে উত্তরা ইউনিভার্সিটির প্রক্টর অধ্যাপক ড. এ এস এম শাহাবুদ্দিন বলেন, আমাদের প্রশিক্ষণের উদ্দেশ্য কেবল প্রতিষ্ঠানের জন্য সার্টিফিকেট পাওয়া নয়, বরং প্রতিষ্ঠান হিসেবে আমাদের শিক্ষা ও সেবার মান যেন আন্তর্জাতিক মানের হয় সেই মাইলফলক অর্জন করতেই এই উদ্যোগ।

*এমএন*